

পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের অধীন পুকুরসমূহ নীলাম

### ৩য় বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদের পরিচালনাধীন সংলগ্ন তালিকায় বর্ণিত পুকুরগুলি উহাদের পাশ্বেবর্ণিত তারিখ ও সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে সচিব মহাশয় বা অন্যান্য আধিকারিক কর্তৃক বাং ১৪২৬ সালের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সালের ৩০শে চৈত্র পর্যন্ত মোট ৫ বৎসরের জন্য ইজারা বিলির প্রকাশ্য নীলাম করা হইবে। যাঁহারা উক্ত পুকুর ইজারা লইতে ইচ্ছুক তাহারা উক্ত দিনে উল্লিখিত সময়ে পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ অফিসে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন।

যে সমস্ত নিয়মে নীলাম ডাক হইবে, তাহা সংক্ষেপে নিম্নে বর্ণিত হইল –

১. পুকুরগুলি বাংলা ১৪২৬ সালের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সালের ৩০শে চৈত্র পর্যন্ত মোট ৫ বৎসরের জন্য ইজারা বন্দোবস্ত দেওয়া হইবে। পুকুরের জন্য যে সরোচ্য ডাক হইবে তাহা সেই পুকুরের বাংসরিক খাজনা হিসাবে ধার্য হইবে এবং ডাকের শেষে এককালীন পাঁচ বৎসরের টাকা জমা দিতে ডাককারী বাধ্য থাকবেন।
২. প্রয়োজনবোধে কোন পুকুর নীলাম ডাক হইতে বাদ দিতে পারা যাইবে বা কোনরূপ কারণ না দর্শাইয়া যেকোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে।
৩. যে সকল ডাককারী পুকুর ডাক করিয়া পরে পুকুর লইতে অস্বীকার করিবেন বা পুরোটাকা জমা দিতে না পারিবেন, তাহাদের জামানত অগ্রিম টাকা বাজেয়াঙ্গ করা হইবে এবং তাঁহারা তাঁহাদের ডাকের পরিমাণ টাকা ১ বৎসরের খাজনার টাকার দায়ী হইবেন। প্রতারনার জন্য দণ্ডবিধি আইনানুসারে দণ্ডনীয় হইবেন এবং পুনরায় নীলাম হইলে তাহাতে জিলা পরিষদের যে ক্ষতি হইবে তারজন্য তাঁহারা দায়ী হইবেন।
৪. যাহারা ইজারাদার নিযুক্ত হইবেন তাঁহারা পরিষদের নির্দিষ্ট চুক্তিনামা সম্পাদন করিয়া দিবেন। অন্যথায় পুকুরের দখলি পরোয়ানা দেওয়া যাইবেনা এবং যিনি পরোয়ানা না লইয়া পুকুর দখল করিবেন তিনি অনধিকার প্রবেশের জন্য দণ্ডনীয় হইবেন।
৫. পুকুরের নীলাম ডাক পরিষদের কর্তৃপক্ষের অনুমোদনের পর দখল দেওয়া হইবে। যদি কোন পুকুরের নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহা হইলে পুনরায় সেই নীলাম ডাক হইবে ও নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে।
৬. পূর্বতন ইজারাদার এর টাকা বাকী থাকিলে ঐ পুকুরের ডাকের পূর্বে তালিকায় উল্লিখিত জমানত জমা রাখিতে হইবে।
৭. ডাকে সকল অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে তালিকায় উল্লিখিত জমানত জমা রাখিতে হইবে।
৮. যদি সরোচ্য প্রথম ডাককারী সমূহ টাকা প্রদান করতে না পারেন তাহলে ২য় ও ৩য় ডাককারীকে সুযোগ দেওয়ার জন্য তাঁদের জামানতের টাকা রাখা হবে।
৯. যিনি ডাকে অংশ গ্রহণ করবেন তিনি নিজের পরিচয়ের জন্য যেকোন একটি ছবি সহ পরিচয় পত্র সঙ্গে রাখবেন।

সচিব ১০/৮/১৯  
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ

পত্র নং - ৭৮(১৩)/জনও ট্রিমি

তারিখ - ২৫/০৭/২০১৯

প্রতিলিপি অবগতি ও বিহিতের জন্য প্রেরণ করা হল -


১. সভাধিপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৩. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৪. জেলা বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৫. মহকুমা শাসক, মেদিনীপুর / খড়াপুর / ঘাটাল।
৬. সহ বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ মেদিনীপুর সদর / ঘাটাল / খড়াপুর মহকুমা।
৭. কর্মাধ্যক্ষ (সকল), পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৮. আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৯. গাননিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১০. সভাপতি / নির্বাহী আধিকারিক, \_\_\_\_\_ পঞ্চায়েত সমিতি মহাশয়গণের এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত প্রধানদের অবগতি ও বহুল প্রচারের নিমিত্ত তথা তাঁর নোটীশবোর্ডে দেওয়ার জন্য প্রেরিত হল।
১১. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
১২. ভারপ্রাপ্ত আধিকারিক, কোতয়ালী থানা মেদিনীপুর। উক্ত দিনগুলিতে পুলিশ ষাফ মোতায়েন করার জন্য অনুরোধ করা হল।
১৩. DIA, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ। আপনাকে পুকুরের নীলামের নোটীশ জেলা পরিষদের ওয়েবসাইটে upload করা এবং সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিতে e-mail করার জন্য অনুরোধ জানাই।

নীলামের স্থানঃ অফিস কক্ষ, সচিব, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।

সময়ঃ সকাল ১১টা

| ক্রমিক<br>নং | পুকুরের নাম             | ডাকের পূর্বে সিকিউরিটি<br>জমার পরিমাণ | বাংসরিক সরকারী নীলাম<br>ডাকের পরিমাণ | নীলাম ডাকের<br>তারিখ | ঝরকের নাম        |
|--------------|-------------------------|---------------------------------------|--------------------------------------|----------------------|------------------|
| ১.           | ক্ষীরপাই বাংলো<br>পুকুর | ২০০                                   | ২০০০                                 | ১৮.০৭.২০১৯           | চন্দ্রকোণা-<br>১ |
| ২.           | দুর্যোধনচক              | ৩৫০                                   | ৩৫০০                                 | ১৮.০৭.২০১৯           | দাসপুর-১         |

সচিব  
পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ



“মাঠে ঘাটে আর নয়, শৌচাগারেই শৌচ করব সবাই” “স্বাস্থ্যবিধান মেনে চলুন, নির্মল জেলা গড়ে তুলুন”